

উত্তরপত্র / লেকচার -৩ (১৯.১০.২০)

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. মন্দিরের ভিতরে এবং বাইরে কী দিয়ে সাজানো আছে?

উত্তর: মন্দিরের ভিতরে এবং বাইরে পোড়ামাটির প্রায় ২০০০ ফলক দিয়ে সাজানো আছে।

২. বিহারটির পূর্ব-দক্ষিণ কোনে বাঁধানো ঘাটের নাম কী?

উত্তর: বিহারটির পূর্ব-দক্ষিণ কোনে বাঁধানো ঘাটের নাম সন্ধ্যাবতীর ঘাট।

৩. পাহাড়পুর বিহারের পাশে দেখার মত একটি কী আছে?

উত্তর: পাহাড়পুর বিহারের পাশে দেখার মত একটি জাদুঘর আছে।

৪. পাহাড়পুর বিহারের জাদুঘরে সুন্দর করে কী সাজিয়ে রাখা আছে।

উত্তর: পাহাড়পুর বিহারের জাদুঘরে সুন্দর করে সাজিয়ে রাখা আছে বিহার থেকে খনন করে পাওয়া অনেক পুরাতন এবং দুর্লভ জিনিসপত্র।

খ) নিচের বাক্যগুলো সত্য হলে সত্য এবং মিথ্যা হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ।

১) চারিদিকে কোন পাহাড় নেই কিন্তু জায়গার নাম পাহাড়পুর।---সত্য

২) পাহাড়পুর একটি সুপ্রাচীন বৌদ্ধ মন্দির।-----সত্য

৩) পাহাড়পুরে প্রায় ১৪ শ বছর আগে বৌদ্ধভিক্ষুগণ নিজেদের ধর্মচর্চা করতেন আর শিষ্যদের শিক্ষা দিতেন।---
-সত্য

৪) বাংলাদেশের আরেকটি বিহার হলো মধুপুর শালবন বিহার।-----মিথ্যা (ময়নামতি)

৫) ১৯৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম পাহাড়পুরের এই বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন।-----মিথ্যা

৬) বিহারটি নওগাঁ জেলার বদলগাছি উপজেলার পাহাড়পুর গ্রামে অবস্থিত।---সত্য

৭) বিহার এলাকাটি প্রায় ৪২ একর জায়গা জুড়ে অবস্থিত।---মিথ্যা

৮) বিহারটির ২৭ একর জমির উপর এর বিশাল দালান।-----সত্য

৯) রাজা ধর্মপাল প্রায় ১২ শ বছর আগে এটি নির্মাণ করেন।-----মিথ্যা (রাজা দ্বিতীয় ধর্মপাল)

১০) পাহাড়পুর উচ্চ শিক্ষার কোন ব্যবস্থা ছিল না।-----মিথ্যা (ছিল)

গ) নিচের প্রশ্নের উত্তর লিখ (সৃজনশীল)।

১. তোমার জানা যেকোন ঐতিহাসিক স্থান/ জায়গা সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

উত্তর: শিক্ষার্থীরা নিজেরা লিখবেন।

ঘ) নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ (বর্ণনামূলক)।

১. পাহাড়পুর সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

নমুনা উত্তর: পাহাড়পুর একটি সুপ্রাচীন বৌদ্ধ মন্দির। বিহারটি নওগাঁ জেলার বদলগাছি উপজেলার পাহাড়পুর গ্রামে অবস্থিত। বিহার এলাকাটি প্রায় ৪২ একর জায়গা জুড়ে অবস্থিত। পাহাড়পুরে প্রায় ১৪ শ বছর আগে বৌদ্ধভিক্ষুগণ নিজেদের ধর্মচর্চা করতেন আর শিষ্যদের শিক্ষা দিতেন। অনেক বছর পর ১৯৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম পাহাড়পুরের এই বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন।

২. পাহাড়পুরে কী কী আছে ? তার একটি তালিকা তৈরি কর।

নমুনা উত্তর: পাহাড়পুর বিহারটিতে নানা রকম ঐতিহ্যবাহী নানা রকম পুরাকৃত্তি সম্বলিত জাদুঘর রয়েছে। দেয়ালের গায়ে পোড়ামাটি দিয়ে নানারকম নকশা বানানো আছে। যেমন- ফুল-ফল, পাখি, পুতুল ইত্যাদি। রয়েছে পুকুর, কূপ, স্নানঘাট, স্নানঘর, খাবার ঘর ও শৌচাগার। ১৭৭টি ছোট ঘর, সব মিলিয়ে বিহারটিতে ৮০০জন লোকের থাকার ব্যবস্থা আছে।